দৈনিক বাংলা

63

তারিখ 20 FEB 1995
পৃষ্ঠা ৭ কলাম ২

# চট্টগ্রামে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মান উন্নয়নে ১২–দফা কর্মসূচী

চট্টগ্রাম ব্যুরো : ১৯ ফেব্রুয়ারী।– চট্টগ্রামের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার গুণগত মান বৃদ্ধি, নকল প্রবণতা রোধ, শিক্ষার্থীদের মূল্যবোধ ও ইংরেজী শিক্ষায় সুশিক্ষিত করে তোলার লক্ষ্যে বার–দফা কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

কর্মসূচীর আওতায় অতীতের মতো স্কুল ছাত্রদের হাতের লেখা চর্চা, বাড়ির পড়া দান ও তা আদায়, ৬ষ্ঠ শ্রেণী হতে দ্বাদশ পর্যন্ত মাসিক পরীক্ষা গ্রহণ ও এর ফলাফল অভিভাবকগণের নিকট প্রেরণ, সত্তুর শতাংশ ক্লাসে অনুপস্থিত শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণ করতে না দেয়াসহ শিক্ষার সামগ্রিক মান উন্নয়নে বিভিন্ন বিষয় কর্মসূচী আওতায় আনা হয়।

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গৃহীত এই কর্মসূচীর ভূমিকায় বলা হয়, দেশের সামগ্রিক উন্নয়ন ও অগ্রগতির লক্ষ্যে নতুন প্রজন্মকে শিক্ষা ও নৈতিক মূল্য বোধে বলিয়ান করে তুলতে হবে।

চট্টগ্রাম জেলার সকল বেসরকারী স্কুল কলেজ মাদ্রাসা প্রধানগণের এক বৈঠক সম্প্রতি জেলা প্রশাসনক মিলনায়তনে অতিরিক্ত জেলা প্রশাসক ইকবাল মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করতে গেলে অনেক সময় শিক্ষা প্রতিষ্ঠানগুলোর কর্তৃপক্ষ বিভিন্নভাবে নাজেহাল হতে হয়। নতুবা যে সকল প্রতিষ্ঠান এ সমস্ত কর্মসূচী বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করবে সে সকল প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অন্যত্র চলে যায়। বৈঠকে উল্লেখ করা হয়, দেশের শিক্ষার সার্বিক মান উন্নয়নে শুধুমাত্র একটি জেলার কর্মসূচী দ্বারা সম্ভব নয়। সারা দেশের প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানকে একযোগে এই উদ্যোগ গ্রহণ করে এগিয়ে আসতে হবে।